বার্ষিক ক্রীড়ায় আবারও উজ্জ্বল দুই বোন তাসনিয়া তুবা ও নিশাত জারা

শৈশবের উচ্ছ্বাস, পরিশ্রম আর সাফল্যের হাসি- সব মিলিয়ে আবারও ক্রীড়াক্ষেত্রে নিজেদের প্রতিভার স্বাক্ষর রাখল দুই বোন তাসনিয়া তুবা ও নিশাত জারা। ঢাকার গাইডেন্স ইন্টারন্যাশনাল ইংলিশ মিডিয়াম স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় এবছরও পুরস্কার অর্জন করে তারা স্কুল অঙ্গনে প্রশংসা কুড়িয়েছে।

গ্রেড-৩ শ্রেণির শিক্ষার্থী তাসনিয়া তুবা একটি ইভেন্টে চ্যাম্পিয়ন হয়ে নিজের দৃঢ়তা ও আত্মবিশ্বাসের প্রমাণ দেয়। অপরদিকে নার্সারি শ্রেণির শিক্ষার্থী ছোট বোন নিশাত জারা দুটি ইভেন্টে রানার্সআপ হয়ে সবাইকে মুগ্ধ করে। বয়সে ছোট হলেও মাঠে তার দৌড়, মনোযোগ আর লড়াইয়ের মানসিকতা ছিল চোখে পড়ার মতো।

উল্লেখযোগ্য বিষয় হলো— এ সাফল্য তাদের জন্য নতুন নয়। গত বছরও স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নিয়ে দুই বোন দুটি ইভেন্টে চ্যাম্পিয়ন হয়ে তাক লাগিয়েছিল। ধারাবাহিক এই অর্জন প্রমাণ করে, খেলাধুলায় তারা শুধু অংশগ্রহণকারী নয়— বরং প্রতিযোগিতামুখর ও প্রতিশ্রুতিশীল খেলোয়াড় হিসেবেই নিজেদের গড়ে তুলছে।

তাসনিয়া তুবা ও নিশাত জারা মেহেরপুরের জ্যেষ্ঠ সাংবাদিক তোজাম্মেল আযমের নাতনি। নাতনিদের এই সাফল্যে পরিবারে যেমন আনন্দের জোয়ার, তেমনি শিক্ষাপ্রতিষ্ঠান ও শুভানুধ্যায়ীদের মাঝেও তৈরি হয়েছে গর্বের অনুভূতি। শিক্ষকরা জানান, পড়াশোনার পাশাপাশি খেলাধুলায় নিয়মিত চর্চাই তাদের সাফল্যের মূল চাবিকাঠি।

দামুড়হুদায় বোনের দেহ দাফন করতে এসে বড় ভাইয়ের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগি গ্রামে ঘটেছে এক চাঞ্চল্যকর ঘটনা। বোনের লাশ দাফন করতে এসে মারা গেছেন বড় ভাই। বুধবার সকাল ১০টার দিকে এ মর্মান্তিক ঘটনাটি ঘটে।

জানা গেছে, ডুগডুগি গ্রামের নূরুর স্ত্রী শিরিনা খাতুন (৫০) ভোরে নিজ ঘরে মৃত্যুবরণ করেন। ভোরে তার বড় মেয়ে শান্তনা স্বপ্নে দেখেন তার মা মারা গেছেন। পরে তিনি ঘরে গিয়ে ডাকাডাকি করলেও কোনো সাড়া না পেয়ে নিশ্চিত হন যে মা আর নেই। এ সময় পরিবারের মধ্যে শুরু হয় কান্না-আহাজারি।

খবর পেয়ে শিরিনা খাতুনের ভাই নিজাম উদ্দিন (৬০) আকন্দবাড়ীয়া গ্রাম থেকে ছুটে আসেন বোনের লাশ দেখতে। কিন্তু লাশ দেখার সঙ্গে সঙ্গেই তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। দ্রুত তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে উজিরপুর এলাকায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত নিজাম উদ্দিন দর্শনা থানার আকন্দবাড়ীয়া গ্রামের মৃত জানবার মণ্ডলের বড় ছেলে ছিলেন।

পরিবারের দুই সদস্যের এমন পরপর মৃত্যুতে এলাকাজুড়ে নেমে এসেছে শোকের ছায়া। বেলা ১২টার দিকে শিরিনা খাতুনের জানাজা শেষে ডুগডুগি কবরস্থানে দাফন করা হয়।

অপরদিকে, তার ভাই নিজাম উদ্দিনের লাশ আছরের নামাজের পর জানাজা শেষে আকন্দবাড়ীয়া গ্রামের তমালতলা কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়।

মেহেরপুরের আমঝুপিতে বোনের

মৃত্যুর শোকে বড় ভাইয়ের মৃত্যু

বোন নবীছন নেছার মৃত্যুর ১৭ ঘন্টা পর মারা গেলেন তার বড় ভাই সুন্নত আলী।
ঘটনাটি মেহেরপুৃর সদর উপজেলার আমঝুপি গ্রামের পূর্বপাড়া এলাকার।

স্থানীয়রা জানান, বিগত ৫ রমজানের দিনে নবীছন নেছা ঘরে লেম্প জালাতে গিয়ে অগ্নিদগ্ধ হন। তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। কিছুদিন চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছিলেন তিনি। অবশেষে গতকাল মঙ্গলবার (২ মে) সকাল ৮ টার সময় মারা যান তিনি। বিকালে দফন শেষ করে এসে ভাই সুন্নত আলী অসুস্থ হয়ে পড়েন। পরে মঙ্গলবার (২ মে) দিবাগত রাত তিনটার দিকে নিজ বাড়িতে মারা যান তিনি।

সুন্নত আলী স্থানীয় মসজিদের মুয়াজ্জিনের দায়ীত্ব পালন করতেন। সে ওই গ্রামের মৃত জাহিদ শেখের ছেলে।
কয়েক ঘন্টার ব্যবধানে ভাই বোনের মৃত্যু নিয়ে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।